

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১০.২০১৩.(খঙ-১).৪৬৯

তারিখ: ২৫/০৯/২০১৭ খ্রি:

বিষয় : ঢাকা মহানগরীর কোতয়ালী থানাধীন আনন্দময়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার দুর্নীতি ও অর্থ আত্মসাতের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১. ৪জি/৪৩৪১-ম/২০১০/৮৯৮৪

তারিখ : ১৬.০৮.২০১৭

২. ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০৩৬.১৬.৭৯৭

তারিখ: ৩১.০৮.২০১৭


উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রে বর্ণিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রে ঢাকা মহানগরীর কোতয়ালী থানাধীন আনন্দময়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জনাব মাহফুজা বেগম বিরুদ্ধে আনীত দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) জনবল কাঠামো নির্দেশিকার ১৮(১) এর (খ) অনুযায়ী আনন্দময়ী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জনাব মাহফুজা বেগম এর বেতন ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে মর্মে কারণ দর্শানো ;

(খ) প্রধান শিক্ষিকা জনাব মাহফুজা বেগম কর্তৃক অবৈধভাবে উত্তোলিত ১০,৭৫,০০০/- (দশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমাদান;

(গ) প্রয়োজনে PDR Act, 1913 এ মামলা দায়ের করে এ অর্থ আদায়করণ।

সংযুক্তি : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর তদন্ত
প্রতিবেদনের কপি।


(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. যুগ্ম-সচিব (শাখা-১১ মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জনাব মাহফুজা বেগম, আনন্দময়ী বালিকা উচ্চ বিদ্যালয়, কোতয়ালী, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।